ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩০৭৫

আগরতলা, ২৬ সেপ্টেম্বর, ২০২৫

**পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের অর্থবিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত**

পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাগৃহে সম্প্রতি জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। জিলা পরিষদের ভারপ্রাপ্ত সভাধিপতি বিশ্বজিৎ শীলের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন, সংশ্লিষ্ট স্থায়ী কমিটির অন্যান্য সদস্য-সদস্যাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় জিলা পরিষদের সচিব জানান, চলতি বছরে জিলা পরিষদ থেকে জেলার বিভিন্ন ব্লকের বিদ্যালয়ে ১২টি ওয়াটার পিউরিফায়ার দেওয়া হবে। এই পিউরিফায়ারগুলির মধ্যে ডুকলি ব্লকের ৩টি, মোহনপুর ব্লকের ২টি, পুরাতন আগরতলা ব্লকের ১টি, জিরানীয়া ব্লকের ৩টি এবং বামুটিয়া ব্লকের ৩টি বিদ্যালয়ে দেওয়া হবে। এজন্য ব্যয় হবে ১৯ লক্ষ ৫০ হাজার টাকা। ক্ষুদ্র সঞ্চয় দপ্তরের আধিকারিক সভায় জানান, চলতি অর্থবছরে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে পশ্চিম জেলায় ৭২০ কোটি টাকা অর্থ সংগ্রহের লক্ষ্যমাত্রা ছিল। ৩১ আগস্ট, ২০২৫ পর্যন্ত ৩১২.২১ কোটি টাকা সংগ্রহ হয়েছে। পরিসংখ্যান দপ্তরের জেলা প্রতিনিধি সভায় জানান, জাতীয় সেম্পল সার্ভের ৮০তম রাউন্ডের তৃতীয় সাবরাউন্ডের কাজ গত আগস্ট মাসে শেষ হয়েছে। এই রাউন্ডে স্বাস্থ্য বিষয়ক সার্ভে করা হয়েছে। চতুর্থ সাব রাউন্ডের কাজ গত ১ সেপ্টেম্বর থেকে শুরু হয়েছে। আগামী ডিসেম্বর মাস পর্যন্ত এই রাউন্ডের কাজ চলবে। এই রাউন্ডে ট্যুরিজম বিষয়ক সার্ভে করা হবে।

******